



# Cosmo School

অনুশীলনী পত্র-৩

শ্রেণি:পঞ্চম

বিষয়:বাংলা

অধ্যায়: হাতি আর শেয়ালের গল্প

তারিখ: ০৮/১০/২০

এক কথায় প্রকাশ করবে:

প্রদত্ত বাক্য	এককথায় প্রকাশ
বাধা পেয়ে ফিরে আসা প্রতিধ্বনি	
বিন্দুর মতো ছোট	
শক্তি আছে যার	
বিনীত নয় যে	
অহংকার নেই যার	
প্রবল প্রতাপের সঙ্গে	
সবাই মিলে এক সাথে বলা	
নিজেকে অনেক বড় মনে করে যে	
আকাশ যেখানে মাটির সাথে মিশে গেছে	
খারাপ মেজাজ	
যেখানে মানুষ বসবাস করে	
আগমনের জন্য অভিবাদন	
যে অনেক শক্তি ধারণ করে	

প্রশ্ন তৈরি করবে (কে,কী,কেন, কীভাবে,কখন,কোথায় দিয়ে) প্রতিটি একবার ব্যবহার করে :

একদিন শিয়াল ভয়ে ভয়ে হাজির হলো হাতির আস্তানায়। লেজ গুটিয়ে একটা সালাম দিল। বলল আপনি তো বনের সবচেয়ে শক্তিশালী প্রাণী। আপনি বনের রাজা। আপনাকে রাজা হিসেবে বরণ করে নিতে চায় সবাই।

**বিরাম চিহ্ন বসিয়ে অনুচ্ছেদটি পুনরায় লিখবে: (।, ? ! :)**

হাতিটা এমন ভাব করতে শুরু করল সেই বুঝি বনের রাজা গুরুগম্ভীর ভারিক্কি চালের কেশর দোলানো অমিত শক্তিদর সিংহ সেও হাতিটার কাছে আসতে ভয় পায় হালুম বাঘ মামা সেও হাতিটার ধারে-কাছে ঘেষতে চায় না বনের সবাই ভয়ে তটস্থ শঙ্কিত কখন জানি কী হয়

**ক্রিয়া পদের চলিত রূপ করবে:**

প্রদত্ত শব্দ (ক্রিয়া)	চলিতরূপ
হইতেছে	
পড়িল	
আসিয়াছে	
কাটিতেছিল	
উঠিল	
করিল	
বসিল	
বাঁচাইব	

**দরখাস্ত লিখবে:**

মনে করো, তোমার নাম রিয়া/রকি। তোমার বিদ্যালয়ের নাম বসন্তপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়। শিক্ষা মেলায় যাওয়ার জন্য অর্ধবেলা ছুটি চেয়ে প্রধান শিক্ষকের নিকট একটি দরখাস্ত লেখো।

সাহানা পারভীন সুমি